# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জুম‘আ

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১৩) বিনা কারণে জুম‘আর ছালাত ত্যাগ করলে কাফফারা দেওয়া :

জুম‘আর ছালাত পরিত্যাগ করা মহা অন্যায়। কোন কারণ ছাড়াই কেউ যদি জুম‘আ ত্যাগ করে, তবে তাকে মুনাফিকদের তালিকাভুক্ত করা হয়।[1] অলসতা করে পর পর তিন জুম‘আ পরিত্যাগ করলে আল্লাহ তার অন্তরে মোহর মেরে দেন।[2] তাই ছুটে গেলে খালেছ অন্তরে আল্লাহর কাছে ক্ষমা চাইতে হবে এবং তওবা করতে হবে। কাফফারা দেওয়ার কোন ছহীহ বর্ণনা নেই। এ সম্পর্কে যে সমস্ত বর্ণনা এসেছে তা যঈফ। যেমন-

عَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبٍ عَنِ النَّبِيِّ قَالَ مَنْ تَرَكَ الْجُمُعَةَ مِنْ غَيْرِ عُذْرٍ فَلْيَتَصَدَّقْ بِدِيْنَارٍ فَإِنْ لَمْ يَجِدْ فَبِنِصْفِ دِيْنَارٍ.

সামুরা বিন জুনদুব (রাঃ) থেকে বর্ণিত, রাসূল (ছাঃ) বলেন, যে ব্যক্তি বিনা কারণে জুম‘আর ছালাত ত্যাগ করবে সে যেন এক দীনার ছাদাক্বা করে। আর তা যদি না থাকে তাহলে অর্ধ দীনার ছাদাক্বা করে।[3]

তাহক্বীক্ব : হাদীছটি যঈফ।[4] অন্য বর্ণনায় এসেছে,

عَنْ قُدَامَةَ بْنِ وَبَرَةَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ مَنْ فَاتَتْهُ الْجُمُعَةُ مِنْ غَيْرِ عُذْرٍ فَلْيَتَصَدَّقْ بِدِرْهَمٍ أَوْ نِصْفِ دِرْهَمٍ أَوْ صَاعِ حِنْطَةٍ أَوْ نِصْفِ صَاعٍ.

কুদামা বিন ওয়াবারা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, বিনা কারণে যার জুম‘আর ছালাত ছুটে যাবে সে যেন এক দিরহাম বা অর্ধ দিরহাম কিংবা এক ছা‘ বা অর্ধ ছা‘ গম ছাদাক্বা দেয়।[5]

তাহক্বীক্ব : এটিও যঈফ।[6]

## ফুটনোট

[1]. ছহীহ তারগীব হা/৭২৯।

[2]. আবুদাঊদ হা/১৯৫২; মিশকাত হা/১৩৭১, সনদ ছহীহ।

[3]. আবুদাঊদ হা/১০৫৩, পৃঃ ১৫১; নাসাঈ হা/১৩৭২; ইবনু মাজাহ হা/১১২৮; মিশকাত হা/১৩৭৪।

[4]. যঈফ আবুদাঊদ হা/১০৫৩, পৃঃ ১৬৬।

[5]. আবুদাউদ হা/১০৫৪, পৃঃ ১৫১।

[6]. যঈফ আবুদাঊদ হা/১০৫৪, পৃঃ ১৬৭।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1990

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন